দৈনিক
ইনকিলাব

তারিখ ... 09 FEB ২০১৩ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......




বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড মেডিকেল টেকনোলজিস্ট পরিষদ স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগ বাতিলসহ ৫ দফা দাবিতে গতকাল প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেছে -ইনকিলাব

# কারিগরি শিক্ষা বোর্ড মেডিকেল টেকনোলজিস্ট পরিষদের ৫ দফা

স্টাফ রিপোর্টার : স্বাস্থ্য অধিদপ্তরের ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজিস্ট নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে পাসকৃত মেডিকেল টেকনোলজিস্টদের অন্তর্ভুক্ত করে সরকারি চাকরিসহ সকল ক্ষেত্রে সম-অধিকার নিশ্চিতসহ ৫ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড মেডিকেল টেকনোলজিস্ট পরিষদ। গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান। এ সময় বক্তব্য রাখেন পরিষদের সভাপতি ইমান উদ্দীন তালিম এবং সাধারণ সম্পাদক মো. রিয়াদ আহমেদ। পরিষদের অন্য দাবিগুলো হলো দেশের সকল সরকারি- বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজে বিএসসি ইন হেলথ টেকনোলজিসহ যে কোন বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ, ডিপ্লোমা ইন ফার্মা টেকনোলজি ও নার্সিং টেকনোলজির ছাত্রছাত্রীদের ফার্মেসি ও নার্সিং কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রদান, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকারি মেডিকেল টেকনোলজি কলেজ চালু করা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ব্যতীত অন্য কোন কাউন্সিল থেকে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের শিক্ষাগত সনদ প্রদান করা। সংগঠনের সভাপতি ইমান উদ্দিন তালিম বলেন, সারাদেশে ২২০টি ডিপ্লোমা ইন হেলথ টেকনোলজি শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৭০ হাজার শিক্ষার্থী পড়াশোনা করছে। এসব শিক্ষার্থীর জীবনের সঙ্গে জড়িত ৫টি দাবি অতি দ্রুত সরকার মেনে না নিলে আমরা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবো।